

(গ) “গলায় তোরা পৈতে নে, বুঝলি?” — বক্তা কে? কার উদ্দেশে বলেছে?
অংশটির তাৎপর্য আলোচনা করো। ১+১+৩

(ঘ) “তাতৈই চিতা সাজিয়ে বনওয়ারীকে চাপিয়ে তার পায়ের পরশ নিলে
মাথায়। বললে- যাও, চলে যা সগুগে।” — কী দিয়ে সাজানো হল চিতা? কে সাজাল?
কেন সে এই উক্তি করল? ১+১+৩

চতুর্থ পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

১। (ক) রূপক এবং সাংকেতিক নাটকের বৈশিষ্ট্য আলোচনা করো। প্রসঙ্গত
একটি সাংকেতিক নাটকের পরিচয় দাও। ৬+৯

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭^১/_২ + ৭^১/_২

(অ) প্রহসন, (আ) মেলোড্রামা (ই) সামাজিক নাটক (ঈ) থার্ড থিয়েটার।

২। (ক) ‘বেঙ্গলি থিয়েটার’-এর সূত্রপাত কীভাবে হয়? বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে
এই থিয়েটারের গুরুত্ব নির্ণয় করো। ৫+১০

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭^১/_২ + ৭^১/_২

(অ) শ্যামবাজার থিয়েটার (আ) জোড়াসাঁকো নাট্যশালা (ই) ন্যাশনাল থিয়েটার
(প্রথম পর্ব) (ঈ) নাট্য-নিয়ন্ত্রণ বিল।

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে অভিজাত নারী চরিত্রগুলির উপস্থাপনা
সমকালীন যুগচিত্রকে প্রকাশ করতে কতদূর সক্ষম হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা, (খ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে সংলাপ প্রয়োগের সার্থকতা
বিচার করো। ১০

৪। (ক) ‘ভগ্ন শিবমন্দির’ থেকে ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ — প্রহসনটির নাম
পরিবর্তন কি জরুরি ছিল বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা, (খ) ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ — প্রহসনটি অপ্রধান চরিত্রগুলির
জন্যই উজ্জ্বল হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০

৫। (ক) রবীন্দ্রনাথের ‘মুক্তধারা’ নাটকের সংলাপ আপাত কাব্যময়তার আড়ালে
কীভাবে শোষণের বিরুদ্ধে বলসে উঠেছে, তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

অথবা, (খ) ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ-কে রবীন্দ্রনাথ বলেছেন ‘মারনেওয়ালার
ভিতরকার পীড়িত মানুষ’। চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে মন্তব্যটির তাৎপর্য বোঝাও। ১৫

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “বাবারে! ওটাকে অসুরের মাথার মতো দেখাচ্ছে, মাংস নেই, চোয়াল
ঝোলা।” — একথা কে, কাকে বলেছে? ‘ওটা’ কী? ‘ওটার কাজ কী? ২+২+১

(খ) “আত্মীয়রূপী পর হচ্ছে কুঁজো মানুষের কুঁজ। পিছনে লেগেই থাকে, কেটেও

ফেলা যায় না, বহন করাও দুঃখ।” — বক্তা কে? শ্রোতা কে? কার সম্পর্কে বলা হয়েছে? প্রসঙ্গটি উল্লেখ করো। ১+১+১+২

(গ) “তাঁর কথা এখানকার হাওয়ায় হাওয়ায় ছড়িয়ে আছে, ব্যবহার করি, অথচ ভুলে যাই তাঁর কি আমার।” — বক্তা কে? কাকে বলা হয়েছে? কার প্রসঙ্গে বলা হয়েছে? কথাটা কী? ১+১+১+২

(ঘ) “পাছে মুখ দেখে প্রতিজ্ঞা ভঙ্গ হয় এই ভয়ে”। — বক্তা কে? কাকে বলেছেন? কার সম্পর্কে বলেছেন? প্রতিজ্ঞা-প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+১+২

৭। (ক) প্রিয়নাথ মল্লিক চরিত্রটি নাট্য আয়োজনের দিক থেকে কতটা অপরিহার্য ‘দিনের তলোয়ার’ আলোচনা করে তা বোঝাও। ১৫

অথবা, (খ) ‘দিনের তলোয়ার’ নাটকের সঙ্গীতগুলির প্রাসঙ্গিকতা বিচার করো। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘তুমি তো মুচির কুকুরের মত ফুলে উঠেছ দেখছি।’ — কে, কাকে একথা বলেছে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? ১+১+৩

(খ) ‘দেখবেন লোকটা আবার ডেপুটি ম্যাজিস্ট্রেট তো, গুলি-টুলি না করে বসে’ — কে, কাকে, কেন একথা বলেছে? ‘ডেপুটি ম্যাজিস্ট্রেট’ বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১+২+১

(গ) ‘আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।’ — কে, কখন একথা বলেছে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ২+৩

(ঘ) ‘বদলে কী চায়? বিনামূল্যে দাক্ষিণ্য বিতরণ এমন বজ্জাতে সম্ভবে না।’ — বক্তা কে? কার সম্পর্কে বলেছেন? একথা কেন বলা হয়েছে? ১+১+৩